

(প্রেস বিজ্ঞপ্তি)

২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

নগরীর বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শনকালে ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম

**কর বৃদ্ধি নয় শুধুমাত্র নতুন ও বর্ধিত স্থাপনাকে করের আওতায় আনা হয়েছে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম দক্ষিণ আছাবাদ ওয়ার্ডে বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শনে গিয়ে সিডিএ আবাসিক এলাকার করদাতাদের সাথে তাৎক্ষনিক রাজস্ব সার্কেল-৭ কার্যালয়ে এক মতবিনিময় সভায় মিলত হন। মতবিনিময় সভায় তিনি পৌরকর মূল্যায়ন নিয়ে এলাকাবাসীর মতামত শুনে বলেন, ২০১৭ সালে কর পুনঃমূল্যায়নে মেয়র রেজাউল করিম চৌধুরী কোন কর বৃদ্ধি করেন নাই। কর বৃদ্ধি নয় শুধুমাত্র নতুন ও বর্ধিত স্থাপনাকে করের আওতায় আনা হয়েছে। এরপরও যদি কোন করদাতা বিক্ষুব্ধ হয়ে থাকেন তাঁদের পূর্বের বকেয়া কর পরিশোধ পূর্বক আপীল করার পরামর্শ দেন। করদাতা আপিল রিভিউ বোর্ডের সিদ্ধান্তে সন্তুষ্ট নাহলে সরাসরি মেয়রের সাথে যোগাযোগ করতে পারবেন। এবিষয়ে সিটি মেয়র চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। আজ বৃহস্পতিবার সকালে নগরীর দক্ষিণ আছাবাদ এলাকায় পরিদর্শন করতে গিয়ে এলাকাবাসীর সাথে মতবিনিময়কালে তিনি একথা বলেন।

তিনি আরো বলেন, নগরীতে গৃহকর নিয়ে বিভ্রান্ত ছড়ানোর যে অপচেষ্টা চলছে তা দুঃখজনক। বিগত ২০০৯সালে কর পুনঃমূল্যায়ন করা হয়েছিলো তারপর আর পৌরকর মূল্যায়ন করা হয়নি। ২০১৭সালে সরকারি নির্দেশনা অনুযায়ী কর পুনঃমূল্যায়ন করা হলে তা পরবর্তীতে স্থগীত হয়। বর্তমানে আবারও সরকারি নির্দেশনার আলোকে সিটি কর্পোরেশন কর পুনঃমূল্যায়নের উদ্যোগ নেয়া হয়। সিটি মেয়র আপীলের মাধ্যমে রাজস্ব সার্কেলের কর্মকর্তাদের সর্বোচ্চ সহনীয় পর্যায়ে কর নির্ধারণের নির্দেশনা দিয়েছেন। এই বিষয়ে পত্রিকায় দুইজন কর্মকর্তার মোবাইল নম্বরসহ বিজ্ঞপ্তি প্রচার করে জনসাধারণকে অবহিত করা হয়েছে। আপনাদের কোন অভিযোগ থাকলে উক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে তা নিষ্পত্তি করতে পারেন।

পরে এলাকাবাসিকে সাথে নিয়ে তিনি দক্ষিণ আছাবাদ ওয়ার্ড কার্যালয়ের সামনে নির্মিত ব্রিজের কাজ পরিদর্শন করেন। এছাড়া নগরীর আছাবাদ এক্সেস রোড, এয়ার পোর্ট রোড, আমবাগান রোড বাইলেইন, তিন পোলের মাথা, চৈতন্যগলি, পাথরঘাটা জেলে পাড়া রোড, ফিরিসী বাজার, হাটহাজারী রোড এবং বায়জিদ বোস্তামী এলাকায় বর্ষায় ক্ষতিগ্রস্ত সড়কের প্যাচওয়ার্কের কাজ পরিদর্শন করেন। তিনি আসন্ন দুর্গাপূজায় সড়কে যানবাহন ও জনচলাচলের কোন দূর্ভোগ সৃষ্টি না হয় সে ব্যাপারে নিয়মিত মনিটরিং ও সংস্কার কাজ চালিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন।

এসময় দক্ষিণ আছাবাদ ওয়ার্ড কাউন্সিলর শেখ জাফরুল হায়দার চৌধুরী, এনায়েত বাজার ওয়ার্ড কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চু, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী আনোয়ার জাহান, সহকারী প্রকৌশলী তৌহিদুল হাসান, উপসহকারী প্রকৌশলী এটিএম সেলিম রেজা, সড়ক পরিদর্শক মো. ইকবাল হোসেন, আওয়ামী লীগ নেতা, এহতেশামুল হক নাহিদ, কাইজার উদ্দিন, আবদুল মজিদ চান্দু, সাইদুল আলম, যুবলীগ নেতা মো. আকতার হোসেন সহ স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশের কারণে জালালাবাদ

মিঠাই সুইটস এন্ড বেকার্সকে ৬০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর বায়েজিদ বোস্তামী থানার জালালাবাদ এলাকায় মিঠাই সুইটস এন্ড বেকার্স কারখানার অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে মিষ্টি ও খাদ্যপণ্য উৎপাদন ও বাজারজাত করার অপরাধে মামলা রুজু পূর্বক ৬০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩